

প্রেস রিলিজ

৩০ মে ২০২৪

বাউবিতে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ওপর সেমিনার অনুষ্ঠিত

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি অভিভাবকরা এখন অনেক সচেতন

- বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে ৩০ মে ২০২৪, ওপেন স্কুল ও UHCD Foundation, NY এর যৌথ আয়োজনে 5th Seminar on Special Education- শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। UHCD Singapur এর Educational Therapist ড. তাহমিনা হক Empowering Education: Understanding Special Needs and Augmentative and Alternative Communication” বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিকাশ, ভাষারীতি, সার্বক্ষণিক কার্যক্রম, সামাজিক প্রেক্ষাপট, বাংলাদেশে নানা প্রতিবন্ধকতা ইত্যাদি নিয়ে আলোচনা করেন।



ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে সেমিনারে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, পাঠ্যপুস্তকে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জীবনমান ও বেড়ে ওঠার বিষয়গুলোর উপর আরো জোর দেয়া প্রয়োজন। তবে, আশার কথা হলো ইদানিং অভিভাবকসহ আত্মীয় স্বজন, প্রতিবেশীরা তাদের বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি অত্যন্ত সহানুভূতিশীল ও যত্নবান। বাউবি স্পেশাল, অটিজম শিক্ষার্থীদের নিয়ে সমন্বয়যোগী বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণ করেছে। বাংলাদেশকে এগিয়ে নিতে হলে তাদের লেখাপড়া, কর্মসংস্থান ও গুণগতমানের ওপর দৃষ্টি দিতে হবে বলেও মন্তব্য করেন অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামালসহ বিভিন্ন স্কুলের ডিন পরিচালক, শিক্ষক, কর্মকর্তাবৃন্দ সেমিনারে উপস্থিত ছিলেন। সেমিনার সঞ্চালনা করেন ওপেন স্কুলের শিক্ষক ড. মিজানুর রহমান।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)